## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পাণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৩ই বৈশাখ বুধবার ১৩৬৮ ইংরাজী 26th April, 1961 | ৪৭শ সংখ্যা





সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Servs

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা

কেরোসিন কুকার

রন্ধন স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক:

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৩ই বৈশাখ বুধবার সন ১৩৬৮ সাল।

# মিতা ও লক্ষ্মী নামক
## দুটি কুক্কুরীর কার্য্যকারিতা

—•—

নাম দুইটি শুনিলে মনে হয়, মিতা মানে বন্ধু এবং পরিমিতা। লক্ষ্মী মানে সৌভাগ্যের অধিষ্ঠাত্রী দেবী। এই দুটি নাম পশ্চিম বঙ্গের পুলিশ দিয়াছেন তাঁহাদের গোয়েন্দাগিরিতে নিয়োজিত দুটি কুক্কুরীকে। মিতা ও লক্ষ্মী একদিন নদীয়া জেলায় এক ভয়াবহ ডাকাতির আসামী সনাক্ত করিয়া অদ্ভূত ক্ষমতার পরিচয় দিয়া সকলকে চমৎকৃত করিয়াছিল। নদীয়া জেলার হাঁসখালি থানার মদনা নামক গ্রামের পঞ্চানন বিশ্বাসের বাড়ী ডাকাতি হইয়াছিল।

কলিকাতা হইতে ঐ ডাকাতির অনুসন্ধানের জন্য কুকুর দুটিকে লইয়া যাওয়া হইয়াছিল। ঘটনা-স্থলে ডাকাতদের পরিত্যক্ত একখানি গামছার গন্ধ শুঁকিয়া "মিতা" ও "লক্ষ্মী" চাষ করা মাঠের মধ্য দিয়া তিন মাইল দূরবর্ত্তী ছোট মুড়াগাছা নামক গ্রামে গিয়া উপস্থিত হয়। সেখানে উহারা এক জঙ্গলের মধ্যে একখানি রক্তমাখা গায়ের কাপড় আবিষ্কার করে। তাহার পর কাপড়ের মালিককে তাড়া করিয়া ধরিয়া ফেলে।

মিতার আরও একটি অপরাধী ধরিবার অদ্ভুত ক্ষমতার পরিচয় পাওয়া গিয়াছিল বনগাঁ মহকুমার এক গ্রামের রহস্যজনক হত্যাকাণ্ডের কিনারা করায় মিতাকে সেখানে লইয়া যাওয়া হইয়াছিল। কুকুরের অদ্ভুত ক্ষমতার কথা শুনিয়া ঘটনাস্থলে সেদিন প্রায় ৪০০ শত লোক সমবেত হইয়াছিল। বহু সংখ্যক পুলিশ কর্ম্মচারীও উপস্থিত ছিলেন। মিতাকে প্রথমে হত্যাকারীর পরিত্যক্ত ছোরা এবং মৃতদেহের পার্শ্বে পতিত স্যাণ্ডেল ও চশমার ঘ্রাণ লইতে দেওয়া হয়, মিতা তৎক্ষণাৎ সমবেত জনতার মধ্যে প্রবেশ করিয়া উপস্থিত এক ব্যক্তির উপরে ঝাঁপাইয়া পড়ে এবং আঁচড়াইয়া তাহার জামা ও কাপড় প্রায় খণ্ড বিখণ্ড করিয়া ফেলে। পুলিশ এই ব্যক্তিকেই অপরাধী বলিয়া পূর্ব্ব হইতে সন্দেহ করিয়াছিল। এই ভাবে নদীয়া ও বনগাঁয়ে উপস্থিত জনগণকে গোয়েন্দা কুকুর দুটি চমৎকৃত ও চমকিত করিয়া দিয়াছিল। পশ্চিম বঙ্গের অপরাধীগণ এই কুকুর দুটির বিনাশ কামনা করিলেও সমস্ত লোক ইহাদের দীর্ঘায়ু কামনা করে।

বহু পুরাতন কথা—
সংস্কৃত পণ্ডিতেরা বলিয়াছেন—

রাজা পশ্যন্তি কর্ণাভ্যাং
ধিয়া পশ্যতি পণ্ডিতঃ।
পশুঃ পশ্যতি গন্ধেন
ভূতে পশ্যন্তি বর্ব্বরঃ॥

অর্থ :—

রাজা কর্ণদ্বারা দর্শন করেন অর্থাৎ দূত মুখে বা সাক্ষ্য প্রমাণ শ্রবণ করিয়া সমস্ত বিষয় উপলব্ধি করেন। পণ্ডিতগণ ধীশক্তিসম্পন্ন তাঁহারা তাঁহাদের বুদ্ধি দ্বারা সব দর্শন করেন। পশু ঘ্রাণ শক্তি দ্বারা কোথায় কি আছে তাহা নিরূপণ করে। আর অতীত হইয়া গেলে বর্ব্বর মূর্খরা তাহা বুঝিতে পারে। 'মিতা' ও 'লক্ষ্মী' তাহাদের ঘ্রাণ শক্তি দ্বারা দেখাইয়া দিল কে অপরাধী। অতএব তাহারা প্রমাণ করিল—"পশুঃ পশ্যতি গন্ধেন" "ধিয়া পশ্যতি পণ্ডিতঃ" যেন পশু-শক্তির কাছে পরাভূত হইল।

আর একটি সংস্কৃত বচন আছে তাহা পণ্ডিত-গণকে অক্ষমতার দায়ে নিস্তার করিয়া দেয়। শ্লোকটি আদর্শ রাজা রামচন্দ্রের উপর আরোপিত হইয়াছিল।

অসম্ভবং হেম মৃগস্য জন্ম
তথাপি রামো লুলুভে মৃগায়।
প্রায়ঃ সমাপন্ন-বিপত্তি-কালে
ধিয়োঽপি পুংসাং মলিনা ভবন্তি।

অর্থ :—সোনার মৃগ জন্মান অসম্ভব, তবুও রামচন্দ্র সোনার মৃগের জন্য লোভ করিয়াছিলেন। যখন বিপৎকাল উপস্থিত হয় তখন পুরুষের ধীশক্তি মলিনা হয়।

আমরাও আমাদের অঋণী ভারতকে পরিকল্পনা-রূপ সোনার হরিণের লোভে ঋণগ্রস্ত হইতে দেখিয়া "ধিয়া পশ্যতি পণ্ডিত" কথাটি এখন "মিতা" ও 'লক্ষ্মীর" গন্ধের দ্বারা দর্শন শক্তির চেয়ে নীরেস বলিয়া লজ্জিত হইতেছি।

———

## প্রতিরক্ষা মন্ত্রী

বক্তৃতা বাগীশ প্রধান মন্ত্রীর প্রিয় বিশ্বাসী প্রতিরক্ষা মন্ত্রী শ্রীভি, কে, কৃষ্ণ মেনন বিপক্ষকে সম্বোধন করিয়া বলিয়াছিলেন গরু মহিষ অপহরণ আমরা ভ্রূক্ষেপ করি না। আমরা যে দুর্ব্বল এটা যেন কেহ মনে না করে। সীমান্তবাসী গরীব কৃষকদের গো-মহিষাদি যথাসর্ব্বস্ব তাহারা যে সর্ব্বস্ব হারা হইবে। এই বীরত্বব্যঞ্জক আওয়াজে পাকীস্থান ভ্রূক্ষেপ করিয়া গুলি চালান বন্ধ করিয়াছে কি? এবার নামকরা কম্চারী কর্ণেল ভট্টাচার্য্যকে অপহরণ করিয়াছে। প্রতিরক্ষা বীর এখন কি করিবেন?

———

## জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীতে শিক্ষার্থী সংগ্রহ

—•—

পশ্চিমবঙ্গ জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীতে শিক্ষার্থী সংগ্রহের পরিকল্পনা লওয়া হইয়াছে। আগামী ১লা ও ২রা মে সকাল ৯টা হইতে বেলা ১২টা পর্য্যন্ত বহরমপুর পুলিশ হাসপাতালে, ৩রা ও ৪ঠা মে জঙ্গীপুর হাসপাতালে, ৫ই ও ৬ই মে কান্দী হাসপাতালে এবং ৯ই ও ১০ই মে লালবাগ হাস-পাতালে বেলা ১টা হইতে ৪টা পর্য্যন্ত সময়ে যথাক্রমে বহরমপুর, জঙ্গীপুর, কান্দী ও লালবাগ মহকুমার শিক্ষার্থীদের সংগ্রহের তারিখ ও স্থান নির্দ্ধারিত হইয়াছে। বিস্তারিত বিবরণের জন্য জেলা অধিনায়ক মহোদয় মুর্শিদাবাদ সহিত বহরমপুর কালেক্টরেটে সাক্ষাৎ করুন।

—মুর্শিদাবাদ জেলা প্রচার দপ্তর

———

## ফরাক্কায় বাঁধ নির্ম্মাণ ব্যবস্থা

কেন্দ্রীয় যানবাহন ও যোগাযোগ মন্ত্রণালয়ের রাষ্ট্র মন্ত্রী শ্রীরাজ বাহাদুর গত ২০শে এপ্রিল কলিকাতায় জানান যে, ভারত সরকার ফরাক্কায় বাঁধ নির্ম্মাণ আরম্ভ করিবেন। কারণ ইহা কলিকাতা বন্দরের পক্ষে অপরিহার্য্য। পূর্ব্বাঞ্চলের অর্থনীতি এই বন্দরের উপর বহুলাংশে নির্ভর করে। বাঁধ নির্ম্মিত না হইলে এই বন্দরের বিশেষ ক্ষতি হইবে। প্রেঃ ইঃ ব্যুঃ

## চাঁদা তোলা নিষেধ

পুলিস কর্ম্মচারীদের প্রতি সরকারী আদেশ

পশ্চিম বঙ্গের কোন পুলিস কর্ম্মচারী রবীন্দ্র-জয়ন্তী অনুষ্ঠানের জন্য সাধারণের নিকট হইতে চাঁদা তুলিতে পারিবেন না বলিয়া সরকার এক আদেশ জারী করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। যতদূর মনে হয় পুলিসের পক্ষে চাঁদা তোলার ব্যাপারে সাধারণের উপর অবাঞ্ছিত প্রভাব বিস্তারের সম্ভাবনা আছে আশঙ্কা করিয়াই এই বিজ্ঞপ্তি দেওয়া হইয়াছে। —আনন্দবাজার পত্রিকা

## ডাকটিকিট জাল করার অভিযোগে একজন গ্রেপ্তার

দুই টাকার ভারতীয় ডাক টিকিট জাল করার অভিযোগে শ্রীপ্রফুল্ল দেব নামক এক ব্যক্তিকে রবিবার সকালে কলিকাতায় গ্রেপ্তার করা হয়। তাহার নিকট নাকি ৯০ খানি জাল টিকিট পাওয়া যায়। অভিযোগে আরও প্রকাশ, পুলিস অতঃপর মাণিকতলা হইতে কাতিকচন্দ্র দাস নামক অপর ব্যক্তিকে এই সম্পর্কে গ্রেপ্তার করে। তাহার নিকট নাকি টিকিট জালের সাজসরঞ্জাম ব্লক কাগজ ইত্যাদি পাওয়া যায়।

## বিদ্যুৎ সরবরাহ হ্রাস

কলিকাতা ও সন্নিহিত অঞ্চলে বার বার বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হওয়ায় জন-জীবনে এক বড় সঙ্কটের সৃষ্টি হইয়াছে। বিদ্যুৎ চালিত পাম্পের কাজ ব্যাহত হওয়ায় জল সরবরাহের ব্যাঘাত ঘটিয়াছে। সব চেয়ে বড় বিপদের সম্মুখীন হইয়াছে বিস্তীর্ণ শিল্প সমৃদ্ধ অঞ্চল সমূহ।

# বেটা বেচা



জাত বুঝি যায় নাকো কুভোজ্য ভোজনে ?
পুরাইছ পোড়া পেট বেটা বেচে ওজনে।

ছেলের বিবাহ দিয়ে নিয়ে যাবে কন্যায়।
তার সনে টাকা চাও এটা তব কোন্ ন্যায় ?

গহনা করিছ দাবী নগদ চাহিছ ঢের।
বেচিলে বেটার মাংস কত টাকা প্রতি সের ?

হওনা বামুন তুমি কায়েত কি বৈদ্য ?
অধম কশাই চেয়ে মশাই যে সদ্য।

## মৌলবী আবশ্যক

রঘুনাথগঞ্জ উচ্চতর বালিকা বিদ্যালয়ের জন্য একজন যোগ্যতা সম্পন্ন ফাজেল পাশ Part time মৌলবী আবশ্যক। বেতনাদি পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের নির্দ্দেশানুসারে হইবে। সম্পাদকের নিকট আবেদন করুন। ২০।৪।৬১

শ্রীরোহিণীকুমার রায়, সম্পাদক
রঘুনাথগঞ্জ উচ্চতর বালিকা বিদ্যালয়।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৫ই মে ১৯৬১

১৯৬১ সালের ডিক্রীজারী

৪ মনি ডিঃ আক্কেল মহম্মদ বিশ্বাস দেং রেজাফন বিবি দাবি ৯'৭০ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঠিপুর ৮০ শতকের কাত ৩৩ তন্মধ্যে ১॥০ শতকের কাত পরতামত ৫ পাই আঃ ১৲ আদালত মূল্য ২৫'৫০ নঃ পঃ খং ১৩৬ রায়ত স্থিতিবান ২নঃ লাট মৌজাদি ঐ ২-১৪ শতকের কাত ৭॥৶১১ পাই মধ্যে ৩।০ শতকের কাত পরতামত /৬ আঃ ২৲ খং ২৯১ ঐ স্বত্ব

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৫ই মে ১৯৬১

১৯৬০ সালের ডিক্রীজারী

১৯ স্বত্ব ডিঃ এব্রাহিম সেখ নাবালক পক্ষে অলি পিতা ও স্বয়ং জুল্লুর রহমান সেখ দেং মোকসেদ আলি মিঞা দাবি ১৩ টাকা ৯৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে চাঁদপাড়া ৪-৯ শতক জমা ৬৶৯ তন্মধ্যে ৬০ শতক হারাহারি মতে ১৲ আঃ ১০৲ খং ৩৫০

---

### প্রতারণা

দিনকয়েক আগে তারকপুর গ্রামের শ্রীসুধাকর কর্মকার নামে একব্যক্তি চিরোটী ষ্টেশনের নিকটবর্তী গ্রামের চাষীদের মধ্যে প্রচার করিতে থাকে সাড়ে আট আনা পয়সা দিলে গরীব মানুষদের টিনের সেড অথবা এক বিঘা করিয়া জমি দিবার ব্যবস্থা করিয়া দেওয়া হইবে। তিনি নিজেকে সরকারী কর্মচারী বলিয়া প্রচার করিয়া এইরূপ ধাপ্পা দিয়া কিছু লোকের কাছ হইতে সাড়ে আট আনা পয়সা লইতে সুরু করেন। এই সংবাদ পাইয়া স্থানীয় কয়েকজন ভদ্রলোক উক্ত ধাপ্পাবাজকে পুলিশের হাতে গত ২০শে এপ্রিল সন্ধ্যার সময় অর্পণ করেন। 'মুর্শিদাবাদ বার্ত্তা'


---

## বিজ্ঞপ্তি

১। মুর্শিদাবাদ অঞ্চলে পাবলিক ক্যারিয়ারের জন্য পারমিট অনুমোদন এবং ট্যাক্সির ক্যারেজ পারমিট প্রদান ও পুনর্নবীকরণের জন্য আবেদনকারীদিগের একটি তালিকা মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহণ প্রাধিকার এবং জেলার প্রত্যন্তবর্ত্তী মহকুমা শাসকগণের নোটিশ বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এই সম্পর্কে কোন নিবেদন থাকিলে তাহা নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক এই বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার ত্রিশ দিনের মধ্যে গৃহীত হইবে। কবে এবং কোথায় এই দরখাস্তগুলি ও নিবেদন সমূহ বিবেচনা করা হইবে তাহা সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে জানানো হইবে। ২। মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের নিকট প্রাপ্তব্য নির্দিষ্ট ফরমে বহরমপুর লালগোলা ( লালবাগ হইয়া ) এবং বহরমপুর লালগোলা ( ভগবানগোলা হইয়া ) রুটে যাত্রীবাহী গাড়ির জন্য একটি করিয়া স্থায়ী রুট পারমিটের জন্য আবেদনপত্র আহ্বান করা হইতেছে। উক্ত রুট দুইটীর জন্য দরখাস্ত মুর্শিদাবাদের নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক গৃহীত হইবার শেষ তারিখ ১২।৬।৬১ স্বাঃ বি, চৌধুরী সচিব, আঞ্চলিক পরিবহণ প্রাধিকার, মুর্শিদাবাদ।

---


পূর্ণপাত্র
শূন্য হয়ে আসে ধীরে ধীরে



PLP. 643

মৃত্যুর নিকষকালো তিমিরাবরণ ভেদ ক'রে — মৃত্যুঞ্জয়ীবীরদের অমর বাণী ভেসে আসছে অনির্বাণ জ্যোতিতে যুগে যুগে মানবসভ্যতাকে বর্বরতার সঙ্কট থেকে পরিত্রাণ দিতে। বুদ্ধ, সক্রেটিস্, শেকসপীয়র, রবীন্দ্রনাথ — সভ্যতার বরণীয় পূজারীর দল আজও আছেন অক্ষয় আলোকে বেঁচে মানব ইতিহাসের মণিময় হর্ম্যে। কালের অমোঘ নিষ্ঠুর হস্তে চূর্ণ বিচূর্ণ হয়ে গেছে অগণিত ইতিবৃত্তের ভঙ্গুর তুচ্ছ খেলনা; নামহীন কীর্তিহীন অন্ধকারের অতলে তলিয়ে গেছে কত কত সভ্যতার বিজয়োদ্ধত তোরণ; তবুও সভ্যতার অমরদীপবর্ত্তিকা হাতে ইতিহাসকে যে এগিয়ে নিয়ে চলেছে অনন্ত আলোকে, বিচিত্র ধারায়, নব নব সম্ভাবনার পথে; মৃত্যুর মুখ থেকে যে ছিনিয়ে নিয়ে চলেছে জ্ঞানের অমৃতভাণ্ডকে ভাবীকালের মানব বংশীয়দের জন্য—সেই মহান্ উদার, সভ্যতার সুহৃৎ অন্যকেউ নয়, সে আমাদের অতিপরিচয়ের সীমারেখাবদ্ধ — কাগজ

রঘুনাথ দত্ত এণ্ড সন্স

সর্বপ্রকার কাগজ ও ছাপার কালি বিক্রেতা

"ভোলানাথ ধাম" — ৩৩।২, বিডনষ্ট্রীট, ও ২৭ সিনাগগ্ ষ্ট্রীট—কলিকাতা; ৩১-১, পটুয়াটুলি, ঢাকা

# নিলামের ইস্তাহার

## জঙ্গিপুর ফৌজদারী আদালত

### নিলামের দিন ১০ই মে ১৯৬১

১৯৬০ সালের ডিক্রীজারী

৭ ভাগচাষ ডিঃ দিগম্বর চট্টোপাধ্যায় দেং রতিকান্ত মণ্ডল দাবি ২২২ টাকা ২৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সিমলা ৯৩ শতকের কাত ৬৮০ তদন্তর্গত ৫৩ শতক আঃ ১৫০৲ খং ৩৪৫ রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ৭৩ শতকের কাত ৪৷৶৭ পাই তদন্তর্গত ১২ শতক আঃ ৫০৲ খং ২৬১ ঐ স্বত্ব

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৫ই মে ১৯৬১

১৯৫৯ সালের ডিক্রীজারী

১০৮ খাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং এলু সেখ দাবি ৪৩ টাকা ২৫ নঃ পঃ থানা স্তুতি মৌজে নারায়ণপুর ৩৮৩ বিঘা তন্মধ্যে ॥০ দশ কাঠা জমির হারাহারি জমা ॥৶০ আদালত মূল্য ৪৫৲ খং ১১২ রায়ত স্থিতিবান

১৩০ খাং ডিঃ ঐ দেং কলিমুদ্দিন মণ্ডল দাবি ৪২ টাকা ৪৬ নঃ পঃ মৌজাদি ঐ ৬৴॥০ বিঘা মধ্যে ॥০ কাঠা হারাহারি জমা ॥৶০ আদালত মূল্য ৪৩৲ খং ৩৫০ ঐ স্বত্ব

১৩৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৪ টাকা ৭০ নঃ পঃ মৌজাদি ঐ ৬॥৩৮০ মধ্যে ॥০ কাঠা আদালত মূল্য ৪৫৲ ঐ স্বত্ব

১৩৯ খাং ডিঃ ঐ দেং হাসিমুদ্দিন মণ্ডল দাবি ১১০ টাকা ১৩ নঃ পঃ মৌজাদি ঐ ২৮৷১ বিঘার মধ্যে ১৪নং দাগ ৬৮৩ মধ্যে ১৴০ বিঘার হারাহারি জমা ১৲ আদালত মূল্য ১০০৲ খং ১১২ ঐ স্বত্ব

১৬০ খাং ডিঃ ঐ দেং আবদুল সালাম দাবি ৮৭ টাকা ১৫ নঃ পঃ মৌজাদি ঐ ২৩৫ দাগ মধ্যে ২॥০ বিঘা তন্মধ্যে ৮০ আঃ ৫০৲ আদালত মূল্য ৮৮৲ খং ৩৫০

১৬৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৪ টাকা ১৫ নঃ পঃ মৌজাদি ঐ ৬৴০ বিঘা মধ্যে ॥০ কাঠার জমা ॥৶০ আদালত মূল্য ৪৫৲ খং ৩৫০ ঐ স্বত্ব

১৯৬০ সালের ডিক্রীজারী

৮২ খাং ডিঃ বিমলেন্দুনাথ সিংহ চৌধুরী দিং দেং বিভূতিভূষণ দাস দাবি ১৬ টাকা ১২ নঃ পঃ থানা স্তুতি মৌজে কদমতলা ১-৩৬ শতকের কাত ৩॥৴৪ আঃ ৮৲ আদালত মূল্য ৪০০৲ খং ১০৮ রায়ত স্থিতিবান

৮৩ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩ টাকা ৮ নঃ পঃ মৌজাদি ঐ ১-৯৪ শতকের কাত ৬৮৶৩ আঃ ১৫৲ আদালত মূল্য ৬০০৲ খং কদমতলা ১০৩ একাটিয়া ৯১ গাজিপুর ১৩৮ ঐ স্বত্ব

৩৯ খাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং হরিরঞ্জন কলিঠা দাবি ২৯ টাকা ৪৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে আমগাছি ৫৭ শতকের কাত ২৮৶৫ পাই আঃ ৫০৲ আদালত মূল্য ১৫০৲ খং ৮ রায়ত স্থিতিবান


৫৩ খাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং রমণীরঞ্জন দাস দিং দাবি ২০ টাকা ৫১ নঃ পঃ থানা স্তুতি মৌজে হিলোড়া ৮৩ শতকের কাত ১॥৬ আদালত মূল্য ২৫০৲ খং ৪৩৮

৫৫ খাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং বৈদ্যনাথ সাহা দাবি ২০ টাকা ২২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ১-৭৭ শতকের কাত ২॥০ আঃ ১০৲ আদালত মূল্য ৫০০৲ খং ৩৫৬

৩৯ অন্য ডিঃ অনিলকুমার পাল দেং নির্মলকুমার মণ্ডল দাবি ১৭৯ টাকা ৪০ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ৯৮৬ টাকা জমার সামিল ৮৬ শতক আঃ ২০০৲ আদালত মূল্য ২৫০৲ খং ২৯২ রায়ত স্থিতিবান

৯৭ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ১১৯ টাকা ৩৯ নঃ পঃ মৌজাদি ঐ ৯৮৬ টাকা জমার সামিল ৪০ শতক আঃ ৫০৲ আদালত মূল্য ১২৫৲ খং ২৯২ ঐ স্বত্ব

৭০ মনি ডিঃ রত্নাকর ঘোষ দিং দেং রমণীকান্ত প্রামাণিক দাবি ১১৫ টাকা ২২ নঃ পঃ থানা স্তুতি মৌজে আহিরণ ৪৫ শতক মধ্যে অর্দ্ধাংশের $\frac{২}{৫}$ অংশ বাগান মায় তদুপরিস্থিত বৃক্ষাদি। ১৯ শতক মধ্যে অর্দ্ধাংশের $\frac{২}{৫}$ অংশ উলাখড়ের জমি। ৯ শতক মধ্যে $\frac{২}{৫}$ অংশ আঃ ৫০৲ আদালত মূল্য ১১০৲ রায়ত স্থিতিবান





**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।



সি, কে, সেনের

# আমলা কেশ তৈল

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী
ও
## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর নির্দ্ধারিত মূল্যে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী।
রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন"　　　টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]

সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে [illegible]



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ-



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১·১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেণ্ট:—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয়। আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"** চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

*হ্যানিম্যান হল,* খাগড়া, মুর্শিদাবাদ